

# Prime Minister Narendra Modi and Prime Minister of Mauritius Pravind Jugnauth jointly inaugurate and launch India assisted development projects in Mauritius

January 20, 2022

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মরিশাসের প্রধানমন্ত্রী প্রবীন্দ যুগনাথ যৌথ ভাবে সেদেশে সামাজিক আবাসন ইউনিট প্রকল্পের উদ্বোধন এবং ভারুয়াল পদ্ধতিতে সিভিল সার্ভিস কলেজ সহ আট মেগাওয়াট সৌরবিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের শিলান্যাস করেছেন

20 জানুয়ারি, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মরিশাসের প্রধানমন্ত্রী শ্রী প্রবীন্দ কুমার যুগনাথ আজ যৌথ ভাবে সেদেশে সামাজিক আবাসন ইউনিট প্রকল্পের উদ্বোধন করেছেন। ভারত ও মরিশাসের মধ্যে প্রাণবন্ত উন্নয়নমূলক অংশীদারিত্বের অঙ্গ হিসেবে এই প্রকল্প রূপায়িত হয়েছে। এই উপলক্ষে দুই প্রধানমন্ত্রী ভারুয়াল পদ্ধতিতে আরও দুটি প্রকল্পের শিলান্যাস করেন। এরমধ্যে রয়েছে একটি অত্যাধুনিক সিভিল সার্ভিস কলেজ এবং অন্যটি আট মেগাওয়াট ক্ষমতা বিশিষ্ট সৌরবিদ্যুৎ উৎপাদন কেন্দ্র। মরিশাসে প্রধানমন্ত্রীর কার্যালয় প্রাপ্তনে সেদেশের ক্যাবিনেট মন্ত্রী ও উচ্চপদস্থ সরকারি আধিকারিকদের উপস্থিতিতে এই কর্মসূচি আয়োজিত হয়।

মরিশাসে কয়েকটি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস উপলক্ষে প্রধানমন্ত্রী শ্রী মোদী মিত্র দেশগুলির সার্বভৌমত্বের প্রতি সম্মান ও তাদের অগ্রাধিকারের ভিত্তিতে বিভিন্ন উন্নয়নমূলক ক্ষেত্রে ভারতের সাহায্যের কথা উল্লেখ করেন। তিনি বলেন, এই দেশগুলির সাধারণ মানুষের কল্যাণ ও দক্ষতা বৃদ্ধিতে ভারত সবরকম সাহায্য দিয়ে থাকে। দেশ গঠনে সিভিল সার্ভিস কলেজের গুরুত্বের কথা স্বীকার করে প্রধানমন্ত্রী 'মিশন কর্মযোগী' সংক্রান্ত জ্ঞান আদান-প্রদানের প্রস্তাব দেন। তিনি এক সূর্য, এক বিশ্ব, এক গ্রীড উদ্যোগের কথা স্মরণ করে ২০১৮-র অক্টোবরে আন্তর্জাতিক সৌর জোটের প্রথম অধিবেশনের প্রসঙ্গ উত্থাপন করেন। এই প্রসঙ্গে তিনি আরও বলেন, আট মেগাওয়াট ক্ষমতা বিশিষ্ট সৌরবিদ্যুৎ উৎপাদন কেন্দ্রটি জলবায়ু পরিবর্তনের সমস্যা মোকাবিলায় এবং ১৩ হাজার টন কার্বন ডাই অক্সাইড নির্গমন কমাতে মরিশাসকে সাহায্য করবে।

অনুষ্ঠানে মরিশাসের প্রধানমন্ত্রী শ্রী যুগনাথ আর্থিক সহায়তা সহ বিভিন্ন ক্ষেত্রে সাহায্যের জন্য ভারতকে ধন্যবাদ দেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শ্রী মোদীর সুদক্ষ নেতৃত্বে দুই দেশের মধ্যে সম্পর্ক নতুন উচ্চতায় পৌঁছেছে।

ভারত সরকার 2016-র মে মাসে মরিশাসে পাঁচটি প্রকল্প রূপায়নের জন্য বিশেষ আর্থিক প্যাকেজের অঙ্গ হিসেবে 353 মিলিয়ন মার্কিন ডলার আর্থিক অনুদান দেয়। এই পাঁচটি প্রকল্প হল - মেট্রো এক্সপ্রেস প্রোজেক্ট, সুপ্রিমকোর্টের ভবন, নতুন ইএনটি হাসপাতাল, প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের জন্য ডিজিটাল ট্যাবলেট সরবরাহ এবং সামাজিক আবাসন ইউনিট। আজ সামাজিক আবাসন ইউনিটের সূচনার ফলে বিশেষ আর্থিক প্যাকেজের অঙ্গ হিসেবে গৃহীত সবকটি কর্মসূচির রূপায়ন বাস্তবায়িত হল।

আজ সেদেশে আট মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন যে সৌরবিদ্যুৎ উৎপাদন কেন্দ্রটির সূচনা হয়েছে তাতে বার্ষিক প্রায় 14 গিগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য 25 হাজার ফটোভোল্টিক সেল বসানো হবে। এর ফলে, মরিশাসে প্রায় 10 হাজার পরিবারে বিদ্যুৎ সংযোগ দেওয়া যাবে। পঞ্চাশের বার্ষিক কার্বন ডাই অক্সাইড নির্গমনের পরিমাণ 13 হাজার টন কমবে এবং জলবায়ু পরিবর্তনজনিত সমস্যাগুলি আরও দক্ষতার সঙ্গে মোকাবিলা করা সম্ভব হবে।

আজকের এই অনুষ্ঠানে দুটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে দ্বিপাক্ষিক চুক্তি হয়েছে। এরমধ্যে একটি হল মেট্রো এক্সপ্রেস ও অন্যান্য পরিকাঠামো প্রকল্পের জন্য মরিশাস সরকারকে 190 মিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা এবং দ্বিতীয়টি হল ছোট মাপের উন্নয়নমূলক প্রকল্প রূপায়নে সমঝোতাপত্র বা মউ স্বাক্ষর।

কোভিড-19 জনিত চ্যালেঞ্জ সত্ত্বেও ভারত - মরিশাস উন্নয়নমূলক অংশীদারিত্ব সংক্রান্ত প্রকল্পগুলির কাজে দ্রুত অগ্রগতি হয়েছে। 2019-এ প্রধানমন্ত্রী শ্রী মোদী ও সেনেগালের প্রধানমন্ত্রী শ্রী জগন্নাথ যৌথ ভাবে ভারুয়াল পদ্ধতিতে মেট্রো এক্সপ্রেস প্রকল্প এবং নতুন ইএনটি হাসপাতালের সূচনা করেন। একই ভাবে গতবছরের জুলাই মাসে দুই প্রধানমন্ত্রী ভারুয়াল পদ্ধতিতে মরিশাসের সুপ্রিমকোর্ট ভবনের উদ্বোধন করেন।

ভারত ও মরিশাসের মধ্যে অভিন্ন ঐতিহাসিক, সাংস্কৃতিক ও ভাষাগত সম্পর্ক রয়েছে। আর এগুলি সবই দুই দেশের বিশেষ উন্নয়নমূলক অংশীদারিত্বে প্রতিফলিত হয়। একই ভাবে মরিশাস ভারত মহাসাগরীয় অঞ্চলে ভারতের গুরুত্বপূর্ণ উন্নয়নমূলক অংশীদার দেশ। আজকের এই অনুষ্ঠান সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস, সবকা প্রয়াসের মানসিকতার সঙ্গে সম্পর্কযুক্ত, যা এই দুই দেশের মধ্যে সফল ও কালোত্তীর্ণ অংশীদারিত্বের আরও একটি মাইলফলক।

নতুন দিল্লি,

20 জানুয়ারি, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.